**HIGH COURT OF TRIPURA**
**MAIN WRITTEN EXAMINATION FOR RECRUITMENT TO GRADE-III OF TRIPURA JUDICIAL SERVICE [TJS], 2022**

## BENGALI

**Duration: 3 [three] hours** **Total Marks : 100**

### 1. নিম্নলিখিত ইংরেজি অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো) [Translate the following English to Bengali]

**25 Marks**

In the famous statue called the Declaration of Right, the two houses utter not a syllable of "a right to frame a Government for themselves". You will see that their whole care was to secure the religion, laws and liberties that had been long possessed and had been lately endangered. They state in the first place to do as their ancestors in like cases have usually one for vindicating their ancient rights and liberties to declare, and them they pray the king and queen, that it may be declared and enacted, that all and singular the rights and liberties asserted and declared are the true ancient and indubitable rights and liberties of the people of this kingdom.

You will observe that from the *Magna Carta* to the Declaration of Right, it has been the uniform policy of our Constitution to claim and assert our liberties as an entailed inheritance derived to us from our forefathers and to be transmitted to our posterity. By this means, our Constitution preserves a unity in so great a diversity of its parts. This policy appears to me to be the result of profound reflection, or rather the happy effect of following nature, which is wisdom without reflection and above it. A spirit of innovation is generally the result of a selfish tempter and confined views. People will not look forward to posterity who never look backward to their ancestors. Thus, by preserving the method of nature in the conduct of the state, in what we improve, we are never wholly new; in what we retain, we are

never wholly obsolete. By adhering in this manner and on those principles to our forefathers, we are guided not by the superstition of antiquarians, but by the spirit of philosophic analogy.

In this choice of inheritance, we have given to our frame of polity the image of a relation in blood, binding up the Constitution of our country with our dearest domestic ties, adopting our fundamental laws into the bosom of our family affections, keeping inseparable and cherishing with the warmth of all their combined and mutually reflected charities, our state, our hearts, our sepulchers, and our altars.

Though the same plan of a conformity to nature in our artificial institutions and by calling in the aid of her unerring and powerful instincts to fortify the fallible and feeble contrivances of our reason, we have derived several other, and those no small benefits, from considering our liberties in the light of an inheritance. Always acting as if in the presence of canonized forefathers, the spirit of freedom, leading in itself to misrule and excess, is tempered with an awful gravity. This idea of a liberal descent inspires us with a sense of habitual, native dignity. By this means our liberty becomes a noble freedom. It carries an imposing and majestic aspect. It has a pedigree and illustrating ancestors. It has its bearings and its ensigns armorial. It has its gallery of portraits; its monumental inscriptions; its records, evidences and titles.

**2. নিম্নলিখিত বাংলা অনুচ্ছেদটি ইংরেজিতে অনুবাদ করো:**
**[Translate the following Bengali to English]**

**25 Marks**

তবে বই পড়ার অভ্যাসটা যে বদ অভ্যাস নয়, এ কথাটা সমাজকে এ যুগে মাঝে মাঝে স্মরণ করিয়ে দেওয়া আবশ্যক। কেননা মানুষে এ কালে বই পড়ে না, পড়ে সংবাদপত্র। কাব্যচর্চা না করলে মানুষে জীবনের একটা বড় আনন্দ থেকে স্বেচ্ছায় বঞ্চিত হয়। যে জাতির যত বেশি লোক যত বেশি বই পড়ে, সে জাতি যে তত সভ্য, এমন কথা বললে বোধ হয় অন্যায় কথা বলা হয়

না। নিদ্রাকলহে দিনযাপন করার চাইতে কাব্যচর্চায়-কালাতিপাত করা যে প্রশংসনীয়, এমন কথা সংস্কৃতেই আছে।

সকলকে জোর করে বিদ্যাশিক্ষা দেবার ব্যবস্থা এ যুগের সকল সভ্য দেশেই আছে, কিন্তু কাউকে জোর করে সংগীতশিক্ষা দেবার ব্যবস্থা কোনো অসভ্য দেশেও নেই। সাহিত্যচর্চা যে শিক্ষার সর্বপ্রধান অঙ্গ, সে বিষয়ে কোনো সন্দেহ নেই। মার্জিত রুচি, পরিশীলিত বুদ্ধি, সংযত ভাষা ও বিনীত ব্যবহার মানুষকে চিরকাল মুগ্ধ করে এসেছে এবং সম্ভবতঃ চিরকাল করবে। জ্ঞানের ভাণ্ডার আর ধনের ভাণ্ডার এক নয়। কিন্তু যে জাতির জ্ঞানের ভাণ্ডার শূন্য, সে জাতির ধনের ঊড়েও ভবানী। যে জাতি মনে বড়ো নয়, সে জাতি জ্ঞানেও বড়ো নয়। মানুষের মনকে সবল, সচল ও সমৃদ্ধ করবার ভার আজকের দিনে সাহিত্যের উপর ন্যস্ত হয়েছে। কেননা মানুষের দর্শনবিজ্ঞান-, ধর্মনীতি-, অনুরাগবিরাগ-, আশা-নৈরাশ্য তার অন্তরের স্বপ্ন ও সত্য, এই সকলের সমবায়ে সাহিত্যের জন্ম। অন্য শাস্ত্রের ভিতর যা আছে, সেসব হচ্ছে মানুষের মনের ভগ্নাংশ; তার পুরো মনটার সাক্ষাৎ পাওয়া যায় শুধু সাহিত্যে।

আমাদের বই পড়তেই হবে, কেননা বই পড়া ছাড়া সাহিত্যচর্চার উপায়ান্তর নেই। ধর্মের চর্চা চাই কি মন্দিরের বাইরেও করা চলে, দর্শনের চর্চা গুহায়, নীতির চর্চা ঘরে, এবং বিজ্ঞানের চর্চা জাদুঘরে; কিন্তু সাহিত্যের চর্চার জন্য চাই লাইব্রেরি। ও চর্চা মানুষে কারখানাতেও করতে পারে না, চিড়িয়াখানাতেও নয়। তাহলে আমাদের মানতেই হবে যে, লাইব্রেরির মধ্যেই আমাদের জাতি মানুষ হবে। সেইজন্য আমরা যত বেশি লাইব্রেরির প্রতিষ্ঠা করব, দেশের তত বেশি উপকার হবে। এ দেশে লাইব্রেরির সার্থকতা হাসপাতালের চাইতে কিছু কম নয়। এখানে লোকে স্বেচ্ছায় স্বচ্ছন্দচিত্তে স্বশিক্ষিত হবার সুযোগ পায়; প্রতিটি লোক তার স্বীয় শক্তি ও রুচি অনুসারে নিজের মনকে নিজের চেষ্টায় আত্মার রাজ্যে জ্ঞানের পথে এগিয়ে নিয়ে যেতে পারে। তাই লাইব্রেরি হচ্ছে একরকম মনের হাসপাতাল।

যে জাতি যত নিরানন্দ, সে জাতি তত নির্জীব। একমাত্র আনন্দের স্পর্শেই মানুষের মনপ্রাণ সজীব ও সতেজ  হয়ে ওঠে। সুতরাং সাহিত্যচর্চার আনন্দ থেকে বঞ্চিত হওয়ার অর্থ হচ্ছে, জাতির জীবনীশক্তির হ্রাস করা। এর জন্য চাই সকলের পক্ষে কাব্যকলার চর্চা, গুণী ও গুণজ্ঞ উভয়ের মনের মিলন না

হলে কাব্যকলার আভিজাত্য রক্ষা করা অসম্ভব। সাহিত্যচর্চা করে দেশসুদ্ধ লোক গুণজ্ঞ হয়ে উঠুক, এই হচ্ছে সবার কাছে বিনীত প্রার্থনা।

**3. চলিত বাংলায় ১০০০-১৫০০ শব্দের মধ্যে নিম্নলিখিত যে কোন একটি বিষয় সম্পর্কে নিবন্ধ রচনা করো। [Write an Essay on one of the following topics in Bengali within 1000-1500 words].**

**30 Marks**

[i] গার্হস্থ্য হিংসা প্রতিরোধে আইনী ব্যবস্থা। (Legal Steps taken to curb down domestic violence against women.)

[ii] ন্যায় বিচার বিলম্বিত ন্যায় বিচার উপেক্ষিত। (Justice delayed justice denied.)

**4. প্রচলিত বাংলায় ৬০০-৮০০ শব্দের মধ্যে নিম্নলিখিত বিষয় নিয়ে সংবাদ প্রতিবেদন রচনা করো। [Write a report in Bengali for Newspaper on the following topic within 600-800 words.]**

**20 Marks**

তরুন প্রজন্মের মধ্যে মাদকাসক্তির প্রভাব। [Drug addiction in young generation.]

....................x......................